দৈনিক সংবাদ

তারিখ ... ... ...AUG. 2 6 1999
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ .....

# ২০০১ সালে দেশে সাক্ষরতার হার হবে ৮৫ শতাংশ

( নিজস্ব বার্তা পরিবেশক )

আগামী ২০০১ সালে দেশে সাক্ষরতার হার দাঁড়াবে শতকরা প্রায় ৮৫ ভাগ। চলতি '৯৯ সালে এ হার ৬০ শতাংশ অতিক্রম করবে। গতকাল এলজিইডি মিলনায়তনে ক্যাম্পেইন ফর পপুলেশন এডুকেশন (ক্যাম্প) -এর এডুকেশন ওয়াচ-'৯৯ রিপোর্টের প্রকাশনা উৎসবে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেক একথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশে ইউনিসেফের স্থানীয় প্রতিনিধি শাহিদা আজফার ও প্রাক্তন তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা কাজী ফজলুর রহমান। ক্যাম্প-এর চেয়ারপার্সন ফজলে হাসান আবেদের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ইউপিএল-এর ব্যবস্থাপনা পরিচালক মহিউদ্দিন আহমেদ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন এডুকেশন ওয়াচ-এর অ্যাডভাইজারি বোর্ডের চেয়ারম্যান এএনএম ইউসুফ।